আঙ্গুর ফল টক

একদা এক ক্ষুধার্ত শেয়াল বনে খাবার খুঁজছিল। কিছুক্ষণ পর সে একটি আঙ্গুর ক্ষেতের কাছে এল। ক্ষেতে পাকা আঙ্গুর ছিল। শেয়ালটি খুব ক্ষুধার্ত এবং পিপাসার্ত ছিল। পাকা আঙ্গুরের দৃশ্য তার জন্য ছিল আনন্দের। সুন্দর পাকা আঙ্গুর দেখে সে প্রলুব্ধ হলো। আঙ্গুরগুলো অনেক উঁচুতে ঝুলছিল। শেয়াল চিন্তা করল যে পাকা আঙ্গুরে ভালো একটা আহার হবে। তাই, সে আঙ্গুর ধরার জন্য লাফের পর লাফ দিল। সে এটা বারবার করল। কিন্তু আঙ্গুরগুলো এত উঁচুতে ছিল যে সেখানে পৌঁছানো যাচ্ছিল না। অসহায় শেয়ালটি ক্লান্ত হয়ে পড়লো এবং চিন্তা করল যে আর চেষ্টা করে কোনো লাভ নেই। তাই সে চলে গেল এবং বললো, 'আঙ্গুরফল টক। আমার আঙ্গুরফল খেতে চাইনা।'

16. Read the following story and complete it in your own way. Give a suitable title to it.

Once upon a time there lived an old farmer. He had three sons who used to quarrel among themselves. One day, the sons were quarrelling again and the old farmer

heard them. In order to teach them the value of unity he called his sons beside him..... The three sons went and brought..... The old farmer..... with the rope. Then he asked his sons ..... The three sons tried and tried but..... Then their father untied the sticks and..... He told them..... . This time they all..... Then the old farmer..... nobody could..... .

UNITY IS STRENGTH

Once upon a time there lived an old farmer. He had three sons who used to quarrel among themselves. One day, the sons were quarrelling again and the old farmer heard them. In order to teach them the value of unity he called his sons beside him and told them to bring him three sticks and some rope. The three sons went and brought the sticks and rope for their father. The old farmer then tied the sticks together with the rope. Then he asked his sons to break the bundle of sticks. The three sons tried and tried but they couldn't break the bundle of sticks. Then their father untied the sticks and gave one stick to each of his sons. He told them again to break the sticks. This time they all broke their sticks easily. Then the old farmer told his sons that nobody could do any harm to them if they remained united.

একতাই বল

একদা এক বৃদ্ধ কৃষক ছিল। তার তিনটি ছেলে ছিল যারা নিজেদের মধ্যে সর্বদা ঝগড়া বিবাদ করতো। একদিন, আবারো ছেলেরা ঝগড়া বিবাদ করছিল এবং বৃদ্ধ কৃষক তাদের ঝগড়া শুনতে পেল। তাদেরকে একতার মূল্য শিক্ষা দেবার জন্য সে ছেলেদেরকে তার কাছে ডাকলো এবং তাদেরকে তিনটি লাঠি ও কিছু দড়ি আনতে বললো। তিন ছেলে গিয়ে তাদের বাবার কাছে লাঠি এবং দড়ি নিয়ে এল। বৃদ্ধ কৃষক তখন দড়ি দিয়ে লাঠিগুলো একত্রে বাঁধলো। তারপর সে তার ছেলেদের লাঠির আটিটি ভাংতে বললো। তিন ছেলে চেষ্টা করতে লাগলো কিন্তু তারা লাঠির আটিটি ভাংতে পারলো না। তখন বৃদ্ধ কৃষক লাঠির আটিটি খুলে দিল এবং প্রতিটি ছেলেকে একটা করে লাঠি দিল। সে তাদেরকে আবারো লাঠিগুলো ভাংতে বললো। এবার তারা তাদের লাঠিগুলো খুব সহজেই ভেঙে ফেললো। তারপর বৃদ্ধ কৃষক তার ছেলেদের বললো যে তোমরা যদি একত্রে থাক তাহলে কেউ তোমাদের কোনোরকম ক্ষতি সাধন করতে পারবে না।

17. Read the following story and complete it in your own way. Give a suitable title to it.

Bayezid's ailing mother wanted a glass of water to him. There was no water at home. Bayezid went to a distant fountain to fetch water. He came back with water and found his mother asleep. He did not awake her. Keeping a glass of water in hand, ... He was waiting ..... . But she ..... When it was dawn, ... and discovered ..... . She wondered ..... . Then she ..... . She could not ..... . She embraced ..... and blessed ..... .

DEVOTION TO MOTHER

Bayezid's ailing mother wanted a glass of water to him. There was no water at home. Bayezid went to a distant fountain to fetch water. He came back with water and found his mother asleep. He did not awake her. Keeping a glass of water in hand, he stood still beside his mother's bed. He was waiting for his mother's awaking. But she was in sound sleep. When it was dawn, Bayazid's

mother awake and discovered her son standing beside her bed with a glass of water in hand. She wondered for a moment. Then she could remember the fact, she could not control her tears anyway. She embraced her son with deep love and blessed him from the core of her heart.

মাতৃভক্তি

বায়েজিদের অসুস্থ মা তার কাছে এক গ্লাস পানি চেয়েছিলেন। ঘরে কোনো পানি ছিল না। বায়েজিদ পানি আনতে দূরে একটা ঝর্ণার কাছে গেল। সে পানি নিয়ে ফিরে এলো এবং দেখল তার মা ঘুমিয়ে পড়েছে। সে তাকে জাগাল না। এক গ্লাস পানি তার হাতে নিয়ে, সে তার মায়ের বিছানার পাশে দাঁড়িয়ে রইল। সে তার মায়ের জেগে ওঠার জন্য অপেক্ষায় রইল। তিনি ছিলেন গভীর ঘুমে আচ্ছন্ন। যখন ভোর হল, বায়েজিদের মা জাগলেন এবং দেখতে পেলেন তার ছেলে এক গ্লাস পানি হাতে নিয়ে তার বিছানার পাশে দাঁড়িয়ে আছে। তিনি কিছু সময়ের জন্য বিস্মিত হলেন। তারপর তিনি ঘটনা মনে করতে পারলেন। তিনি কোনোভাবেই তার চোখের পানি ধরে রাখতে পারলেন না। তিনি তার ছেলেকে গভীর ভালোবাসায় জড়িয়ে ধরলেন এবং তার অন্তরের অন্তঃস্থল থেকে তার জন্য দোয়া করলেন।

18. Read the following story and complete it in your own way. Give a suitable title to it.

Once some mice were having a good time in a rich man's house. Being fed-up, the owner brought a cat. As a result, the mice fell in a great difficulty. One day all the mice sat together in a conference ..... Different mice gave different suggestions. but none ..... At last a young mouse stood up and suggested, "If we .....we'll easily understand ..... and then we'll". All the mice praised the proposal ..... He stood up and said, ... but ....." Hearing this all the mice ..... and felt disappointed. Finding no solution, ...

WHO IS TO BELL THE CAT?

Once some mice were having a good time in a rich man's house. Being fed-up with the mice, the owner brought a cat. As a result, the mice fell in a great difficulty. One day all the mice sat together in a conference in order to find a way out. Different mice gave different suggestions, but none was found acceptable. At last a young mouse stood up and suggested, "If we tie a bell around the cat's neck, we'll easily understand when the cat is coming to the barn and then we'll hasten into our holes." All the mice praised the proposal except the old one. He stood up and said, "I've no doubt in my mind that the proposal is very good. But who will bell the cat?" Hearing this, all the mice began to look at one another and felt disappointed. Finding no solution the mice eventually migrated to another house.

বিড়ালের গলায় ঘণ্টা বাঁধবে কে?

একদা কিছু ইঁদুর এক ধনী লোকের বাড়িতে ভালোভাবে দিন পার করছিল। ইঁদুরের যন্ত্রণায় অতীষ্ঠ হয়ে, মালিক একটি বিড়াল আনলেন। ফলে, ইঁদুরগুলো এক কঠিন সমস্যায় পড়ল। একদিন সব ইঁদুর একটা পথ খুঁজে বের করার জন্য সভায় বসলো। বিভিন্ন ইঁদুর বিভিন্ন পরামর্শ দিল, কিন্তু কোনোটিই গ্রহণযোগ্য মনে হলো না। অবশেষে একটি তরুণ

ইঁদুর উঠে দাঁড়াল এবং পরামর্শ দিল, "যদি আমরা বিড়ালের গলায় একটা ঘণ্টা বেঁধে দিই তাহলে যখনই বিড়াল শস্যাগার এর দিকে আসবে আমরা সহজে বুঝতে পারবো এবং তখনই আমরা গর্তে ঢুকে যাবো।" এক বৃদ্ধ ইঁদুর ছাড়া সকল ইঁদুর তার প্রস্তাবের প্রশংসা করল। সে উঠে দাঁড়াল এবং বলল, আমার মনে কোনো সন্দেহ নেই যে প্রস্তাবটি যথেষ্ট ভালো। কিন্তু কে বিড়ালের গলায় ঘণ্টা বাধবে?" এটা শুনে সকল ইঁদুর একে অপরের দিকে তাকাতে লাগল এবং হতাশ হলো। কোনো সমাধান না পেয়ে ইঁদুরগুলো অন্য এক বাড়িতে চলে গেল।

19. Read the following story and complete it in your own way. Give a suitable title to it.

Once there lived a shepherd boy. He tended a flock of sheep near a forest. The forest was near a village. One day he wanted to make fun with the villagers. So, he began to cry out saying. "Tiger! Tiger!" The villagers thought ..... and they ..... But the boy began ..... . Many a time the boy ..... So, the men really ..... . One day ..... and the boy cried out, ..." His neighbours heard him shouting but ..... . They thought that ..... . The Tiger fell upon ..... .

NOBODY BELIEVES A LIAR

Once there lived a shepherd boy. He tended a flock of sheep near a forest. The forest was near a village. One day he wanted to make fun with the villagers. So, he began to cry out saying "Tiger! Tiger!" The villagers thought that a tiger had come and they ran up to him. But the boy began to laugh at them.

Many a time the boy did this trick. So, the men really got angry upon him. One day a tiger really came and the boy cried out "Tiger! Tiger!" His neighbours heard him shouting but they did not come. They thought the boy was again playing his trick to have a joke with them. The tiger fell upon the boy and tore him to pieces.

মিথ্যাবাদীকে কেউ বিশ্বাস করে না

একদা এক রাখাল বালক ছিল। সে নিকটে একটি বনের ধারে এক পাল ভেড়া চড়াতো। বনটি ছিল একটি গ্রামের নিকটে। একদিন সে গ্রামবাসীদের সাথে মজা করতে চাইলো। তাই সে 'বাঘ! বাঘ!' বলে চিৎকার করতে লাগল। গ্রামবাসীরা মনে করল হয়তো একটি বাঘ এসেছে তাই তারা তার কাছে দৌড়ে এলো। কিন্তু বালকটি তাদের দেখে হাসতে লাগল। অনেকবার বালকটি এই চালাকি করেছিল। তাই লোকজন বাস্তবেই তার প্রতি রাগান্বিত হয়েছিল। একদিন সত্যি সত্যিই একটি বাঘ এল এবং বালকটি চিৎকার করল, "বাঘ! বাঘ!"। তার প্রতিবেশিরা তার চিৎকার শুনল কিন্তু তারা আসলো না। তারা চিন্তা করল যে বালকটি পুনরায় তাদের সাথে মজা করার জন্য তার কৌশল অবলম্বন করছে। বাঘটি বালকটির ওপর ঝাঁপিয়ে পড়লো এবং তাকে টুকরো টুকরো করে ফেলল।

20. Read the following story and complete it in your own way. Give a suitable title to it.

There lived a farmer in a village. He had a wonderful goose. The goose would lay a golden egg everyday. The farmer would sell it in the market. He would buy food, clothes, and daily necessaries with the money. He would even save some money every day. The farmer grew rich gradually. But the farmer was very greedy and intolerant. He thought that if he would sell an egg each day, it

..... He was hasty in nature and ..... He wanted to have ..... He planned to kill the goose to ..... The farmer told the plan to his wife but ..... She asked him to be tolerant and ..... But the farmer didn't pay ..... . One evening the farmer killed the goose and..... . But there were no eggs in the ..... . Thus the greedy ..... .

A GREEDY FARMER AND HIS GOOSE

There lived a farmer in a village. He had a wonderful goose. The goose would lay a golden egg everyday. The farmer would sell it in the market. He would buy food, clothes, and daily necessaries with the money. He would even save some money every day. The farmer grew rich gradually. But the farmer was very greedy and intolerant. He thought that if he would sell an egg each day, it would take a long time to become rich. He was hasty in nature and wanted to change his lot overnight. He wanted to have all the eggs at a time. He planned to kill the goose to get all the eggs. The farmer told the plan to his wife but she didn't agree to the proposal. She asked him to be tolerant and not to be greedy. But the farmer didn't pay any heed to his wife's advice. One evening the farmer killed the goose and cut out the stomach of the goose. But there were no eggs in the stomach of the goose. Thus the greedy farmer lost everything.

একজন লোভী কৃষক এবং তার রাজহংসী

এক গ্রামে একজন কৃষক বাস করত। তার একটা বিস্ময়কর রাজহংসী ছিল। রাজহংসীটি প্রত্যেকদিন একটি করে সোনার ডিম পাড়তো। কৃষক এটা বাজারে বিক্রি করতো। সে এই টাকা দিয়ে খাবার, কাপড় এবং প্রাত্যহিক প্রয়োজনীয় জিনিস কিনতে পারতো। সে এমনকি প্রতিদিন কিছু টাকা বাচাতেও পারতো। কৃষকটি ধীরে ধীরে ধনী হতে লাগলো। কিন্তু কৃষক ছিল খুবই লোভী এবং ধৈর্যহীন। সে ভাবলো যদি সে প্রত্যেকদিন একটি করে ডিম বিক্রি করে তবে তার ধনী হতে অনেক সময় লাগবে। সে চটপটে স্বভাবের ছিল এবং রাতারাতি তার ভাগ্যের পরিবর্তন ঘটাতে চাইলো। সে সব ডিম একবারে পেতে চাইলো। সে সব ডিম একসাথে পাবার জন্য রাজহংসীটা হত্যার পরিকল্পনা করল। কৃষক তার পরিকল্পনার কথা স্ত্রীকে বলল কিন্তু তার স্ত্রী প্রস্তাবে রাজি হলো না। সে তাকে ধৈর্যশীল হতে বলল, লোভী হতে নয়। কিন্তু কৃষক তার স্ত্রীর উপদেশে কোনো কর্ণপাত করল না। এক সন্ধ্যায় কৃষক রাজহংসীটিকে হত্যা করল এবং হাঁসটির পেট কাটল। কিন্তু রাজহংসীটির পেটে কোনো ডিম ছিল না। এভাবে লোভী কৃষক সবকিছুই হারাল।

21. Read the following story and complete it in your own way. Give a suitable title to it.

Sheikh Saadi was a great poet. Once he was going to the court of the king of Iran. He took shelter in a rich man’s house on his way to the court. The rich man did not treat him well. Sheikh Saadi was not wearing costly and gorgeous dress. He was wearing a very ordinary and cheap cloth. The treatment he received in the rich man’s house offended him. But he did not say anything to him.

On the next day Sheikh Saadi went to the court of the king and was received with honour. He stayed there for a few days. He composed some beautiful poems and entertained the king and his courtiers. He received rich gifts from the king. On his way to his village he again ..... . This time, the rich man was surprised ..... and ..... .
While eating, Saadi was ..... delicious food and ..... . Sheikh Saadi then instead of eating the food, ... This surprised the rich man. "Why are you ..... of your dress?" said the rich man. "I am putting them into the pockets of my dress .....," said Saadi. The rich man realized his ..... .

SHEIKH SAADI'S WIT

Sheikh Saadi was a great poet. Once he was going to the court of the king of Iran. He took shelter in a rich man's house on his way to the court. Sheikh Saadi was wearing a very ordinary and cheap cloth. The treatment he received in the rich man's house offended him. But he did not say anything.
On the next day Sheikh Saadi went to the court of the king and was received with honour. He stayed there for a few days. He composed some beautiful poems and entertained the king and his courtiers. He received rich gifts from the king. On his way to his village he again visited that rich man's house. This time, the rich man was surprised to see Sheikh Saadi in a rich ornamental dress and treated him with the best of the foods and comfort.
While eating, Saadi was surprised to see the rich delicious food and understood the rich man's attitude. Sheikh Saadi then instead of eating the food, started putting them into the pockets of his rich cloth. This surprised the rich man. "Why are you putting the food into the pockets of your dress?", said the rich man. "I am putting them into the pockets of my dress because these foods are meant for my dress, not for me," said Saadi. The rich man realized his earlier folly and became ashamed.

শেখ সাদির বুদ্ধিমত্তা

শেখ সাদি ছিলেন একজন মহান কবি। একদিন তিনি ইরানের রাজার দরবারে যাচ্ছিলেন। তিনি রাজপ্রাসাদে যাওয়ার সময় একজন ধনী লোকের বাড়িতে আশ্রয় গ্রহণ করেছিলেন। শেখ সাদির গায়ে খুব সস্তা এবং সাধারণ কাপড় ছিল। তিনি ধনী লোকের বাড়িতে যে ব্যবহার পেয়েছিলেন সেটা তাকে কষ্ট দিয়েছিল। কিন্তু তিনি তাকে কিছু বললেন না। পরদিন শেখ সাদি রাজদরবারে গেলেন এবং খুব সমাদর পেলেন। তিনি সেখানে কিছু দিনের জন্য অবস্থান করলেন। তিনি কিছু সুন্দর কবিতা রচনা করেন এবং রাজা ও তার সভাসদদের আনন্দ দিলেন। তিনি রাজার কাছ থেকে মূল্যবান উপহার সামগ্রী পেলেন। তার গ্রামে ফিরে আসার পথে তিনি ঐ ধনী লোকের বাড়িতে পুনরায় গেলেন। এইবার ধনী লোকটি শেখ সাদিকে মূল্যবান পোশাকে সজ্জিত দেখে বিস্মিত হলেন এবং তাকে ভালো খাবার এবং আরাম দিয়ে আপ্যায়ন করলেন। খাওয়ার সময় সাদি মূল্যবান সুস্বাদু খাবার দেখে বিস্মিত হলেন এবং ধনী লোকের মনোভাব বুঝতে পারলেন। শেখ সাদি তখন খাবার খাওয়ার পরিবর্তে তার মূল্যবান পোশাকের পকেটে এগুলো ভরতে শুরু করলেন। এটা ধনী লোকটিকে বিস্মিত করল। "কেন আপনি এই খাবারগুলো খাওয়ার পরিবর্তে আপনার পকেটে রাখছেন?", ধনী লোক জিজ্ঞাসা করলো। সাদি বললেন,

"আমি এগুলোকে আমার জামার পকেটে রাখছি কারণ এই খাবার আমার পোশাকের জন্য, আমার জন্য নয়"। ধনী লোকটি তার পূর্বের ভুল বুঝতে পারে এবং লজ্জিত হয়।

22. Read the following story and complete it in your own way. Give a suitable title to it.

A proud hare laughed at the tortoise for its slow motion. But the tortoise challenged the hare to run a race. At this the hare was much amused. So it said, "Come along, let's fix a date for the race." They fixed a date and a place. A fox agreed to be the judge. The tortoise and the hare came to the starting point. The race began. The hare began to run very fast. It ran a mile in a few minutes. Soon it found ..... . It became sure of success. It said to itself, "What's the use of going so fast? Perhaps, the tortoise has ..... So, I can very well ....." So it saying, the hare slept on the way. In the meantime ..... . It did not stop anywhere. When it came near the hare, ... It smiled and ..... Many hours passed. The hare woke up. It saw that ..... It immediately got on its feet. It began ..... . But alas! The tortoise had already gone far. It was ..... So, the tortoise won the race. It proves that .....

SLOW AND STEADY WINS THE RACE

A proud hare laughed at the tortoise for its slow motion. But the tortoise challenged the hare to run a race. At this the hare was much amused. So it said, "Come along, let's fix a date for the race." They fixed a date and a place. A fox agreed to be the judge. The tortoise and the hare came to the starting point. The race began. The hare began to run very fast. It ran a mile in a few minutes. Soon it found the tortoise far behind. It became sure of success. It said to itself, "What's the use of going so fast? Perhaps, the tortoise has gone only a few yards by this time. So, I can very well have a good sleep before the tortoise comes up." So it saying, the hare slept on the way. In the meantime the tortoise walked on and on. It did not stop anywhere. When it came near the hare, it saw the hare lying fast asleep. It smiled and quietly passed by the hare. Many hours passed. The hare woke up. It saw that it was already evening. It immediately got on its feet. It began to run very fast. But alas! The tortoise had already gone far. It was already crossing the winning post. So, the tortoise won the race. It proves that slow and steady wins the race.

অধ্যবসায়ের ফলেই সাফল্য লাভ হয়

এক অহংকারী খরগোশ কচ্ছপের ধীর গতির কারণে উপহাস করল। কিন্তু কচ্ছপ খরগোশকে একটা দৌড় প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আহ্বান করলো। এতে খরগোশ অনেক বিস্মিত হলো। তাই এটা বলল, "এসো দৌড় প্রতিযোগিতার জন্য একটা তারিখ নির্ধারণ করি।" তারা একটা দিন ও স্থান নির্ধারণ করলো। একটা শিয়াল বিচারক হতে রাজি হলো। কচ্ছপ এবং খরগোশ প্রতিযোগিতা শুরুর জায়গায় আসলো। প্রতিযোগিতা শুরু হলো। খরগোশ খুব জোরে দৌড়াতে শুরু করলো। এটা কয়েক মিনিটের মধ্যে এক মাইল পেরোলো। শীঘ্রই এটা দেখল যে কচ্ছপ তার থেকে অনেক পেছনে। এটা সাফল্যের ব্যাপারে নিশ্চিত হলো। এটা নিজে নিজে বলল, "এত দ্রুত যাওয়ার দরকার কী? সম্ভবত কচ্ছপ এই সময়ে মাত্র কয়েক গজ অতিক্রম করেছে। তাই কচ্ছপ আসার আগে আমি একটা চমৎকার ঘুম দিয়ে নিতে পারি।" একথা বলে, খরগোশ পথিমধ্যে ঘুমিয়ে পড়ল। এই সময়ে কচ্ছপ হেঁটেই চলল। এটা কোথাও থামল না। যখন এটা খরগোশের নিকট এল, তখন দেখলো খরগোশ গভীর

ঘুমে আচ্ছন্ন। এটা হাসল এবং নীরবে খরগোশকে অতিক্রম করল। অনেক সময় অতিবাহিত হলো। খরগোশ জাগ্রত হলো। সে দেখল ইতোমধ্যে সন্ধ্যা হয়ে গিয়েছে। এটা তৎক্ষণাৎ দাঁড়িয়ে পড়লো। এটা খুব জোরে দৌড়াতে আরম্ভ করল। কিন্তু হায়! কচ্ছপ ইতোমধ্যে অনেক দূরে চলে গিয়েছে। এটা ইতোমধ্যে বিজয়স্তম্ভ পার হচ্ছিল। তাই কচ্ছপ দৌড় প্রতিযোগিতায় জিতল। এটা প্রমাণ করে যে অধ্যবসায়ই সাফল্যের চাবিকাঠি।

23. Read the following story and complete it in your own way. Give a suitable title to it.

Once a thirsty crow was flying to and fro in search of water. But he found no water anywhere. At last, he saw a pitcher ..... He tried to dip ..... . Then he tried to ..... . The efforts only made him ..... . At last, he caught sight of some ..... . He picked up some of those and ..... The water seemed ..... . So he went on doing it till the water ..... After sometime the water came up within the reach of its beak. The crow now ..... by drinking as much .....

A THIRSTY CROW / WHERE THERE IS A WILL THERE IS A WAY

Once a thirsty crow was flying to and fro in search of water. But he found no water anywhere. At last, he saw a pitcher nearby and flew to it. He tried to dip his beak but to no effect. Then he tried to upset the jar but failed to turn it over. The efforts only made him more thirsty. At last, he caught sight of some stones lying at hand. He picked up some of those and began to drop those into the pitcher. The water seemed to rise a little. So he went on doing it till the water came up within the reach of his beak. After sometime the water came up within the reach of its beak. The crow now quenched his thirst by drinking as much as he liked.

একটি পিপাসার্ত কাক / ইচ্ছা থাকলেই উপায় হয়

একদিন এক পিপাসার্ত কাক পানির সন্ধানে এদিক ওদিক উড়ছিল। কিন্তু সে কোথাও পানি খুঁজে পাচ্ছিল না। অবশেষে সে কাছেই একটি কলস দেখতে পেল এবং এটির দিকে উড়ে গেল। সে তার ঠোঁট ভেতরে ডুবানোর চেষ্টা করল কিন্তু কোনো কাজ হলো না। তারপর সে কলসি কাত করার চেষ্টা করল কিন্তু কাত করতে ব্যর্থ হলো। তার চেষ্টা শুধু তাকে আরো পিপাসার্ত করে তুলল। অবশেষে তার নাগালের মধ্যে কিছু পাথর দৃষ্টিগোচর হলো। সে এগুলোর কিছু নিল এবং এগুলো কলসের মধ্যে ফেলতে শুরু করল। পানি একটু উপরে উঠছে বলে মনে হলো। তাই সে এটা করলো যতক্ষণ না পর্যন্ত পানি তার ঠোঁটে পৌঁছায়। কিছু সময় পর পানি তার ঠোঁটের নাগালে এলো। কাক এখন তার ইচ্ছামতো পানি পান করে তৃষ্ণা মেটালো।

24. Read the following story and complete it. Give a suitable title to it.

Once upon a time two friends went on a journey. They had to go through a forest on the way. As they came through the wood, they saw a bear approaching. Both of them ....., but suddenly one of them ..... The other finding no other alternative, ... The bear soon came up, ... and ..... . The bear, ... Seeing the bear going, ... He then said to his friend, "What did the bear .....?"

His friend replied, "He gave me a .....".

"What is that?" he asked.

He told his friend that the bear said, "Do not trust a friend who ..... ."

A FRIEND IN NEED IS A FRIEND INDEED

Once upon a time two friends went on a journey. They had to go through a forest on the way. As they came through the wood, they saw a bear approaching. Both of them became frightened, but suddenly one of them climbed up a tree. The other finding no other alternative, lay flat on the ground without breathing. The bear soon came up, put down its head and smelt his body. The bear took him to be dead and went away. Seeing the bear going, the other friend came down the tree. He then said to his friend, "What did the bear whisper into your ear?"

His friend replied, "He gave me a piece of good advice".

"What is that?" he asked.

He told his friend that the bear said, "Do not trust a friend who leaves you alone in a danger."

দুঃসময়ের বন্ধুই প্রকৃত বন্ধু

একদা দুই বন্ধু একটি ভ্রমণে গিয়েছিল। পথিমধ্যে তাদের একটা বনের ভেতর দিয়ে যেতে হয়েছিল। যখন তারা বনের মধ্য দিয়ে যাচ্ছিল, তারা একটা ভালুককে তাদের দিকে ধেয়ে আসতে দেখল। তাদের উভয়ই ভয় পেয়েছিল, কিন্তু হঠাৎ করে তাদের একজন একটি গাছে উঠে পড়লো। অন্যজন বিকল্প খুঁজে না পেয়ে, শ্বাস–প্রশ্বাস বন্ধ করে মাটিতে শুয়ে পড়ল। ভালুক দ্রুত আসলো, তার মাথা নামাল এবং তার শরীরের গন্ধ নিল। ভালুক তাকে মৃত মনে করে চলে গেল। ভালুককে চলে যেতে দেখে, অন্য বন্ধু গাছ থেকে নেমে আসলো। তখন সে তার বন্ধুকে বলল, "ভালুক তোমার কানে কানে কী বলল?"

তার বন্ধু উত্তর দিল, "সে আমাকে একটি ভালো উপদেশ দিয়েছে।"

'সেটা কী?' সে জিজ্ঞাসা করলো।

সে তার বন্ধুকে বলে যে ভালুক বলেছে, "সে বন্ধুকে বিশ্বাস করোনা যে তোমাকে বিপদে একা ফেলে চলে যায়।"

25. Read the following story and complete it in your own way. Give a suitable title to it.

Once a big bone stuck into the throat of a tiger. He could not get it out from his throat. It pained him much. So he went to a stork. The stork agreed to ..... The tiger agreed ..... . The stork put his ..... and ..... The tiger thanked ..... and ..... . When the stork demanded his fee ..... and said, "It is ..... that you once put your head and didn't ..... ."

THE TIGER AND THE STORK

Once a big bone stuck into the throat of a tiger. He could not get it out from his throat. It pained him much. At last he went to a stork. The stork agreed to bring the bone out from his throat. The tiger agreed to pay for it. The stork put his long bill down the throat and got the bone out quite easily. The tiger thanked him and turned to go away. When the stork demanded his fee, the tiger refused to pay and said, "It is your good luck that you once put your head into a tiger's mouth and didn't get it bitten off."

বাঘ এবং সারস পাখি

একদিন একটা বড় হাড় এক বাঘের গলায় বিঁধে গেল। সে এটা তার গলা থেকে বের করতে পারলো না। এটা তাকে খুব যন্ত্রণা দিলো। অবশেষে সে একটা সারস পাখির কাছে গেল। সারস তার গলার ভেতর থেকে হাড়টা

বের করে আনতে রাজি হলো। বাঘ এটার প্রতিদান দিতে রাজি হলো। সারস তার লম্বা ঠোঁট গলার ভেতর ঢুকিয়ে দিল এবং খুব সহজেই হাড় বের করে আনল। বাঘ তাকে ধন্যবাদ জানাল এবং চলে যেতে উদ্যত হল। যখন সারস তার প্রতিদান চাইল বাঘ এটা দিতে অস্বীকৃতি জানাল এবং বলল, "এটা তোমার সৌভাগ্য যে তুমি একটা বাঘের মুখের ভেতর তোমার মাথা ঢুকিয়েছ এবং অক্ষত বের করতে পেরেছ।"

26. Read the following story and complete it in your own way. Give a suitable title to it.

Once a lion was sleeping in his den. He was disturbed by a mouse running over his body. He caught it and in anger, he was about to kill it. The poor mouse begged for its life. He said, "Pardon me, king of beasts. I shall always be grateful to you if you spare my life for this time." The lion had pity on him and ..... . The mouse promised to give any ..... The lion ..... He said, "You are a little animal. How ..... ?" After a few days, the lion was ..... . He tugged and ..... The mouse heard the lion's roar and ..... . He bit the net with his sharp teeth and..... He thus set ..... Thus the great lion was ..... .

THE LION AND THE MOUSE

Once a lion was sleeping in his den. He was disturbed by a mouse running over his body. He caught it and in anger, he was about to kill it. The poor mouse begged for its life. He said, "Pardon me, king of beasts. I shall always be grateful to you if you spare my life for this time." The lion had pity on him and let him off with a warning. The mouse promised to give any help to the lion in case of need. The lion laughed at the offer. He said, "You are a little animal. How could you help me?" After a few days, the lion was caught in a net and roared (গর্জন করল). He tugged and strained but to no effect. The mouse heard the lion's roar and rushed to help him. He bit the net with his sharp teeth and at last cut it off. He thus set the lion free. Thus the great lion was saved by the little mouse.

সিংহ এবং ইঁদুর

একদিন এক সিংহ তার গুহায় ঘুমাচ্ছিল। তার শরীরের উপর দিয়ে একটি ইঁদুর দৌড়ে যাওয়াতে সে বিরক্ত হলো। সে এটাকে ধরল এবং রাগে তাকে মেরে ফেলতে যাচ্ছিল। ছোট ইঁদুর তার জীবন ভিক্ষা চাইল। সে বলল, "আমায় ক্ষমা করুন, পশুদের রাজা। যদি আপনি এবার আমাকে ছেড়ে দেন আমি সর্বদা আপনার প্রতি কৃতজ্ঞ থাকব।" সিংহের তার প্রতি দয়া হল এবং তাকে সতর্ক করে ছেড়ে দিল। ইঁদুরটি প্রয়োজনে তাকে যে কোনো ধরনের সাহায্য করার প্রতিজ্ঞা করল। সিংহ তার প্রস্তাবে হাসল। সে বলল "তুমি একটা ছোট প্রাণি। তুমি কীভাবে আমাকে সাহায্য করবে?" কিছুদিন পরে সিংহ একটি জালে ধরা পড়ে গর্জন করছিল। সে ছোটার জন্য চেষ্টা করল কিন্তু কোনো কাজ হলো না। ইঁদুর সিংহের গর্জন শুনল এবং তাকে সাহায্য করার জন্য ছুটে গেল। সে তার তীক্ষ্ণ দাঁত দিয়ে জালে কামড় দিল এবং অবশেষে এটা কাটল। সে এভাবে সিংহকে মুক্ত করল। এভাবে বিশাল সিংহ ছোট ইঁদুরের মাধ্যমে রক্ষা পেল।

27. Read the following story and complete it in your own way. Give a suitable title to it.

There lived a wood-cutter in a village. One day he was cutting wood in a jungle near a pond. Suddenly his axe fell into the pond. The pond was very deep and the wood-cutter did not know how to swim. So he was sitting there with a heavy heart. He was very poor and he had not the money to buy another axe. He was thinking what to do. He was very depressed and blaming his lot. Suddenly, he heard a voice and ..... . The fairy asked him ..... . He told her everything. The fairy ..... . She went into the pond and ..... . The wood-cutter refused ..... She then again went into the water and ..... This time also the wood-cutter ..... Finally she brought the axe of ..... The wood-cutter was delighted ..... . The fairy became pleased with the wood-cutter ..... . Honesty is thus always rewarded.

THE HONEST WOOD-CUTTER

There lived a wood-cutter in a village. One day he was cutting wood in a jungle near a pond. Suddenly his axe fell into the pond. The pond was very deep and the wood-cutter did not know how to swim. So he was sitting there with a heavy heart. He was very poor and he had not the money to buy another axe. He was thinking what to do. He was very depressed and blaming his lot. Suddenly, he heard a voice and saw a fairy before him. The fairy asked him why he was crying. He told her everything. The fairy took pity on him. She went into the pond and came back with a golden axe. The wood-cutter refused to take the golden axe. She then again went into the water and returned with a silver one. This time also the wood-cutter refused to take it. Finally she brought the axe of the wood-cutter from the water. The wood-cutter was delighted to get back his iron axe. The fairy became pleased with the wood-cutter at his honesty and gave him the two valuable axes as reward. Honesty is thus always rewarded.

সৎ কাঠুরে

এক গ্রামে এক কাঠুরে বাস করত। একদিন সে বনে এক পুকুরের ধারে কাঠ কাটছিল। হঠাৎ করে তার কুঠার পুকুরে পড়ে গেল। পুকুরটি খুব গভীর ছিল এবং কাঠুরে সাঁতার জানত না। তাই সে সেখানে ভারাক্রান্ত হৃদয়ে বসেছিল। সে ছিল অত্যন্ত গরিব এবং তার আরেকটি কুঠার কেনার মতো টাকা ছিল না। সে ভাবছিল কী করা যায়। সে খুব বিমর্ষ হয়ে পড়েছিল এবং ভাগ্যকে দোষারোপ করছিল। হঠাৎ সে একটি কণ্ঠস্বর শুনলো এবং তার সামনে একটি পরী দেখতে পেল। পরী তাকে তার কান্নার কারণ জিজ্ঞাসা করল। সে তাকে সব বলল। পরীর তার প্রতি দয়া হলো। সে পুকুরে ডুব দিল এবং একটা সোনার কুঠার নিয়ে ফিরে এল। কাঠুরে সোনার কুঠার নিতে অস্বীকৃতি জানাল। সে পুনরায় পুকুরে ডুব দিল এবং একটি রূপার কুঠার নিয়ে ফিরে এল। এবারও কাঠুরে এটা গ্রহণ করতে অস্বীকৃতি জানাল। অবশেষে সে পানি থেকে কাঠুরের কুঠার নিয়ে ফিরে এল। কাঠুরে তার লোহার কুঠার পেয়ে আনন্দিত হল। পরী কাঠুরের সততা দেখে খুশি হল এবং পুরস্কার স্বরূপ মূল্যবান দুটি কুঠার তাকে দিলো। সততা এভাবে সর্বদাই পুরস্কৃত হয়।

28. Read the following story and complete it. Give a suitable title to it.

There lived a clever fox in a jungle. One day while passing through the jungle he fell into a trap. He could get out of the trap but lost his tail behind. Without his tail the fox looked very odd and strange. The fox felt very upset and

ashamed losing his tail. He could not come in front of other foxes as they would laugh at him. But the fox was very clever. He made a plan. He invited all the foxes living in the jungle to a meeting. As the fox was a good speaker, all the foxes came to the meeting to listen to him. The fox was pleased that it was a good gathering. He rose to speak and told them that he had made a great discovery. All the foxes became very eager to listen to him. He told them that their tail was of no use rather it looked ugly and dirty. If they cut off their tail ..... . He also told them that he himself had ..... He brought out a knife and ..... The foxes were convinced and ..... . But among them there was an old and wise fox. He understood ..... . He told the other foxes that the clever fox had not cut off its tail, ... As he did not have a tail, he wanted the other foxes ..... It was, in fact, an ..... . All other foxes then understood the ..... . Finding no other way, ...

THE FOX WITHOUT A TAIL

There lived a clever fox in a jungle. One day while passing through the jungle he fell into a trap. He could get out of the trap but lost his tail behind. Without his tail the fox looked very odd and strange. The fox was very upset and ashamed losing his tail. He could not come in front of other foxes as they would laugh at him. But the fox was very clever. He made a plan. He invited all the foxes living in the jungle to a meeting. As the fox was a good speaker, all the foxes came to the meeting to listen to him. The fox was pleased that it was a good gathering. He rose to speak and told them that he had made a great discovery. All the foxes became very eager to listen to him. He told them that their tail was of no use rather it looked ugly and dirty. If they cut off their tail they would look more beautiful and more attractive. He also told them that he himself had cut off his tail to prove it. He brought out a knife and gave it to them to follow him. The foxes were convinced and they were about to do that. But among them was an old and wise fox. He understood the trick of the clever fox. He told the other foxes that the clever fox had not cut off its tail, but it had lost its tail falling in a trap. As he did not have a tail, he wanted the other foxes to cut off their tails. It was, in fact, an evil trick of the clever fox. All other foxes then understood the evil design of the clever fox. Finding no other way, the clever fox ran away from that place.

লেজবিহীন শিয়াল

এক বনে একটি ধূর্ত শিয়াল বাস করত। একদিন বনের মধ্য দিয়ে যাওয়ার সময় সে একটি ফাঁদে আটকা পড়ল। সে ফাঁদ থেকে বের হতে পারল কিন্তু তার লেজ হারাল। লেজ ছাড়া শিয়ালকে খুব অস্বাভাবিক এবং অদ্ভুত লাগছিল। শিয়াল তার লেজ হারিয়ে খুব হতাশা এবং লজ্জাবোধ করছিল। সে অন্য শিয়ালের সামনে আসছিল না কারণ তারা তাকে দেখে হাসাহাসি করত। কিন্তু শিয়ালটি ছিল খুব চালাক। সে একটি পরিকল্পনা করল। সে বনে বসবাসরত শিয়ালদের আমন্ত্রণ জানিয়ে একটা সভা ডাকল। যেহেতু শিয়াল একজন ভালো বক্তা ছিল, সকল শিয়াল তার কথা শোনার জন্য সভায় আসলো। শিয়াল এত ভালো সমাগম দেখে আনন্দিত

হলো। সে বলার জন্য দাঁড়ালো এবং তাদেরকে বলল যে সে বিরাট একটি বিষয় আবিষ্কার করেছে। সকল শিয়াল তার কথা শোনার জন্য খুব আগ্রহ প্রকাশ করল। সে তাদের বলল যে তাদের লেজ কোনো কাজে লাগে না বরং এটা কুৎসিত এবং নোংরা দেখায়। যদি তারা তাদের লেজ কেটে ফেলে তবে তাদেরকে আরো সুন্দর ও আকর্ষণীয় দেখাবে। সে তাদের আরো বলে যে সে এটা প্রমাণ করার জন্য নিজেই তার লেজ কেটে ফেলেছে। সে একটা ছুরি বের করলো এবং তাকে অনুসরণ করার জন্য এটা তাদেরকে দিলো। শিয়ালরা প্রভাবিত হয়েছিল এবং তারা এটা করতে যাচ্ছিল। কিন্তু তাদের মধ্যে এক বৃদ্ধ এবং জ্ঞানী শিয়াল ছিল। সে ধূর্ত শিয়ালের কৌশল বুঝতে পারলো। সে অন্য শিয়ালদের বলল যে, ধূর্ত শিয়াল তার লেজ কাটেনি, বরং এটা ফাঁদে পড়ে তার লেজ হারিয়েছে। যেহেতু তার লেজ নেই, সে চেয়েছিল অন্যান্য শিয়ালদেরও তাদের লেজ কেটে দিতে। এটা ছিল, আসলে ধূর্ত শিয়ালের এক ঘৃণ্য কৌশল। অন্যান্য শিয়ালরা তখন ধূর্ত শিয়ালের মন্দ পরিকল্পনার বিষয়টি বুঝতে পারল। অন্য কোনো উপায় না পেয়ে, চতুর শিয়াল এলাকা ছেড়ে দৌড়ে পালিয়ে গেল।